

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় : হজের মূল পর্ব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৩. তৃতীয় আমল : মাথা মুণ্ডন বা চুল ছোট করা

কঙ্কর নিক্ষেপ ও হাদী যবেহ করার কাজ শেষ হলে, পরবর্তী কাজ হচ্ছে, মাথা মুণ্ডন অথবা চুল ছোট করা। তবে মুণ্ডন করাই উত্তম। কুরআনুল কারীমে মুণ্ডন করার কথা আগে এসেছে, ছোট করার কথা এসেছে পরে। আল্লাহ তা'আলা বলেন,

﴿مُحَلِّقِينَ رُءُوسَكُم ا وَمُقَصِّرِينَ ﴾ [الفتح: ٢٧]

'তোমাদের কেউ কেউ মাথা মুণ্ডন করবে এবং কেউ কেউ চুল ছোট করবে।' এতে বোঝা গেল, চুল ছোট করার চেয়ে মাথা মুণ্ডন করা উত্তম। মাথা মুণ্ডন বা চুল ছোট করা হালাল হওয়ার একমাত্র মাধ্যম।

ফুটনোট

[1]. আল ফাতহ : ২**৭** ৷

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7419

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন